# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
## ইরেসপো-২য় পর্যায়
## পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৮. ৭৫ তারিখঃ ২৪/০১/২২ খ্রিষ্টাব্দ

বিষয় : দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) কর্মসূচিতে হস্তান্তরিত দমআক'র ৩০ জুন ২০১০ এর পূর্বে বিতরণকৃত অনাদায়ী ঋণের সেবামূল্য মওকুফ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় পরিচালিত বিভিন্ন কর্মসূচি'র দীর্ঘদিনের খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে ৩০ জুন ২০১০ এর পূর্বে বিতরণকৃত অনাদায়ী ঋণের সেবামূল্য মওকুফ নীতিমালা ২০২১ প্রণয়ন করা হয়েছে। উক্ত নীতিমালা অনুসরণ করে চলমান "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) কর্মসূচিতে হস্তান্তরিত দরিদ্র মহিলাদের জন্য আত্মকর্মসংস্থান কর্মসূচি (দমআক) এর আওতাভুক্ত বৃহত্তর যশোর জেলার (যশোর, মাগুরা, ঝিনাইদহ ও নড়াইল) ২১টি উপজেলায় ৩০ জুন ২০১০ এর পূর্ববর্তী সময়ের অনাদায়ী খেলাপী ঋণ থাকলে তা আদায়ের জন্য সেবামূল্য মওকুফ সুবিধা গ্রহণের লক্ষ্যে এতদসংক্রান্ত নীতিমালা সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ৩০ জুন ২০১০ এর পূর্বে বিতরণকৃত ঋণের সেবামূল্য মওকুফ নীতিমালা ২০২১।

২৪/০১/২২

মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি
উপজেলা: .........., জেলা: .........।

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ</u>

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ..............।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: ........., জেলা: ..............।
৫. পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।

প্রকল্প পরিচালক (ইরেসপো) এর দপ্তর
ডকেট নং ৩২
উপ-প্রকল্প পরিচালক (প্রশঃ ও প্রশিঃ)
উপ-প্রকল্প পরিচালক (অর্থ ও উন্নয়ন)
প্রকল্প পরিচালক
এর ব্যক্তিগত
২৩/০১/২২
ডকেটকারীর স্বাক্ষরঃ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
০৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০২.১৬.২৬৭.২০. ৫৮৬ তারিখ: ১৯ জানুয়ারি, ২০২২ খ্রি.

বিষয়: দীর্ঘদিনের খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে 'বিআরডিবি'র আওতায় পরিচালিত বিভিন্ন কর্মসূচির ৩০ জুন, ২০১০ এর পূর্বে বিতরণকৃত ঋণের সেবামূল্য মওকুফ নীতিমালা-২০২১' প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দীর্ঘদিনের খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে বিগত ০১-০৪-২০২১ তারিখে অনুষ্ঠিত বিআরডিবি'র ৫১তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী বিআরডিবি কর্তৃক **'বিআরডিবি'র আওতায় পরিচালিত বিভিন্ন কর্মসূচির ৩০ জুন, ২০১০ এর পূর্বে বিতরণকৃত ঋণের সেবামূল্য মওকুফ নীতিমালা-২০২১'** প্রণয়ন করা হয়েছে **(কপি সংযুক্ত)**। এই সেবামূল্য মওকুফ সুবিধা ০১/০২/২০২২ খ্রি. তারিখ হতে কার্যকর হবে এবং ৩১/০১/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

এমতাবস্থায়, উক্ত নীতিমালার আওতায় বন্যা, নদীভাঙ্গন, ঘূর্ণিঝড় ও নানা প্রাকৃতিক দুর্যোগের কারণে আয় উৎসারী কর্মকান্ড ক্ষতিগ্রস্থ ঋণ গ্রহীতা সদস্যদের খেলাপী ঋণের অতিরিক্ত সেবামূল্যের দায় হতে অব্যাহতি প্রদান করা হলে সদস্যগণ খেলাপী ঋণ পরিশোধে অধিক আগ্রহী হবে এবং মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে এবং মেয়াদোত্তীর্ণ ঋণ আদায় হলে ঋণ তহবিলের ব্যবহারে আরও অধিক গতি সঞ্চার হবে এবং সদস্যদের দারিদ্র্য হ্রাসকরণ ও গ্রামীণ অর্থনীতি বিকাশসহ জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়নের অভীষ্ট লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

সুপ্রিয় কুমার কুন্ডু
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ৮১৮০০০২
E-mail: dgbrdb@gmail.com

১) উপপরিচালক (সকল)
জেলাদপ্তর.............।

২) প্রকল্প পরিচালক/নির্বাহী পরিচালক/কর্মসূচি পরিচালক (সকল)
বিআরডিবি, ঢাকা/রংপুর/গাইবান্ধা/ফরিদপুর।

**বিতরণ:**

১) উপপরিচালক (ঋণ/সমবায়/সম্প্রসারণ/বিশেষ প্রকল্প/সেচ/মার্কেটিং/মউ), বিআরডিবি, ঢাকা।
২) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩) যুগ্মপরিচালক (অডিট/সিসিএম/মউ/সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প), বিআরডিবি, ঢাকা।
৪) পরিচালক (প্রশাসন/পরিকল্পনা/সরেজমিন/অর্থ/প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

# বিআরডিবি'র আওতায় পরিচালিত বিভিন্ন কর্মসূচির ৩০ জুন ২০১০ এর পূর্বে বিতরণকৃত ঋণের সেবামূল্য মওকুফ নীতিমালা- ২০২১

# সূচিপত্র


| অনুচ্ছেদ নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১ | ভূমিকা | ১ |
| ০২ | পটভূমি | ১ |
| ০৩ | উদ্দেশ্য | ২ |
| ০৪ | কর্মসূচির তালিকা | ৩ |
| ০৫ | সেবামূল্য মওকুফ আবেদন যাচাই বাছাই কমিটি | ৩ |
| ০৬ | সদস্য পর্যায়ে আবেদনের প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা | ৩ |
| ০৭ | সেবামূল্য মওকুফ আবেদন/ প্রস্তাব প্রক্রিয়াকরণের শর্তাবলী | ৪ |
| ০৮ | সেবামূল্য মওকুফ সুবিধার পরিশোধ পদ্ধতি | ৪ |
| ০৯ | মাসিক প্রতিবেদন | ৫ |
| ১০ | বিশেষ নির্দেশনা | ৫ |
| | পরিশিষ্ট-০১ | ৬ |
| | পরিশিষ্ট-০২ | ৯ |
| | পরিশিষ্ট-০৩ | ১০ |

০১.ভূমিকাঃ

সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচি (আইআরডিপি) এর উত্তরাধিকারী প্রতিষ্ঠান বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনমূলক কাজে নিয়োজিত সুদীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন সর্ববৃহৎ সরকারী প্রতিষ্ঠান। পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন কার্যক্রম নীতি ও বাস্তবায়ন পর্যায়ে বিআরডিবি সমন্বয় সাধন করে থাকে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিশেষ এবং সরাসরি নির্দেশনায় স্বাধীন বাংলাদেশের প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পল্লীর জনগণ ও জনপদের উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের কর্মকৌশল হিসেবে ইন্টিগ্রেটেড রুরাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (আইআরডিপি)-কে দেশব্যাপী সক্রিয় করা হয় এবং প্রতিষ্ঠানটির সাফল্য বিবেচনায় ১৯৮২ সালে বাংলাদেশ সরকার অধ্যাদেশবলে এটিকে প্রাতিষ্ঠানিক রূপ দেয় এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনে এটি ‘বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)’ নামে আত্মপ্রকাশ করে যা ২০১৮ সনে ‘বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন ২০১৮’ দ্বারা পূর্ণতা লাভ করে।

০২.পটভূমিঃ

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বিগত ০৬ জুন ২০১৬ তারিখে ‘সরকারী পর্যায়ে পরিচালিত ক্ষুদ্রঋণ কর্মসুচির আওতায় আবর্তক ঋণ তহবিল ব্যবহারের সংশোধিত সমন্বিত নীতিমালা- ’১৬ এর প্রজ্ঞাপন জারি করা হয়। বিআরডিবি বর্ণিত নীতিমালার আলোকে প্রণীত স্ব-স্ব নীতিমালার মাধ্যমে বিভিন্ন কর্মসূচির বাস্তবায়ন করে চলছে। নীতিমালার ৯.৩ নং অনুচ্ছেদে উল্লেখ আছে যে, ‘দীর্ঘদিনের খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে উক্ত ঋণের বিপরীতে ধার্যকৃত সেবামূল্যের আংশিক বা সমুদয় সেবামুল্য অবলোপন বা মওকুফ করা যাবে। এক্ষেত্রে ঋণ বিতরণকারী প্রতিষ্ঠান নিজ নিজ বিধান অনুযায়ী ব্যবস্থা নিবে ।’ তৎপ্রেক্ষিতে বিআরডিবি দীর্ঘদিনের মেয়াদোর্ত্তীর্ণ ঋণের আংশিক সেবামূল্য মওকুফের ব্যবস্থা গ্রহণ করেছে। বিগত ০৪-১২-২০২০ তারিখে অনুষ্ঠিত বিআরডিবি’র ৫০তম বোর্ড সভার ৮ নং আলোচ্য সূচিতে ‘ ২০১০ সালের পূর্বে বিতরণকৃত ঋণের ০১ (এক) বছরের সুদ আদায়পূর্বক আবশিষ্ট সুদ মওকুফের বিষয়ে আলোচনা ’ শিরোনামে প্রস্তাব উপস্থাপন করা হয়।

তৎপ্রেক্ষিতে সিদ্ধান্ত হয় যে, ‘বিআরডিবি আবর্তক (কৃষি) ঋণসহ সমাপ্ত কিন্তু চলমান প্রকল্প/কর্মসূচি এবং বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন অন্য মন্ত্রণালয়ের প্রকল্প সমূহের ৩০ জুন ২০১০ তারিখের পূর্বের ঋণের অনাদায়ী আসল ও ০১ (এক) বছরের সেবামূল্য পরিশোধ সাপেক্ষে অবশিষ্ট বছরের/সময়ের সেবামূল্য মওকুফ করার ক্ষেত্রে কত টাকা মওকুফের আওতায় আসবে এ সংক্রান্ত একটি প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের পর এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।’

এর ধারাবাহিকতায় বিগত ০১-০৪-২০২১ তারিখে অনুষ্ঠিত ৫১তম বোর্ড সভার ০৫ নং আলোচ্য সূচী অনুযায়ী বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক. বিআরডিবি'র আবর্তক (কৃষি) ঋণসহ সমাপ্ত কিন্তু চলমান প্রকল্প/কর্মসূচি এবং বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন অন্য মন্ত্রণালয়ের প্রকল্প সমূহের ৩০ জুন ২০১০ তারিখের পূর্ববর্তী খেলাপী ঋণের আসল ও ০১ (এক) বছরের সেবামূল্য পরিশোধ সাপেক্ষে অবশিষ্ট বছরের/দিনের সেবামূল্য মওকুফের সিদ্ধান্ত গৃহীত হয়।

খ. সেবামূল্য মওকুফ করার সময়সীমা আদেশজারীর ০১ বছর পর্যন্ত বলবৎ থাকবে। মহাপরিচালক. বিআরডিবি প্রয়োজন অনুসারে মওকুফের সময়সীমা বর্ধিত করতে পারবেন।

গ. মহাপরিচালক, বিআরডিবি ঋণের সেবামূল্য মওকুফের জন্য একটি সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ণ করবে।

**০৩. উদ্দেশ্যঃ**

১. বন্যা, নদীভাঙ্গন, ঘূর্ণিঝড় ও নানা প্রাকৃতিক দুর্যোগের কারণে আয় উৎসারী কর্মকান্ড ক্ষতিগ্রস্থ হওয়ার ফলে বিতরণকৃত ঋণ দীর্ঘদিনের খেলাপীতে পরিণত হওয়ায় বৃদ্ধিপ্রাপ্ত অতিরিক্ত সেবামূল্যের দায় হতে ঋণ গ্রহীতা সদস্যদের অব্যহতি প্রদান করা।

২. সদস্যগণ অতিরিক্ত সেবামূল্যের দায় হতে অব্যহতির সুযোগ পেলে খেলাপী ঋণ পরিশোধে অধিক আগ্রহী হবে , ফলে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে।

৩. মেয়াদোত্তীর্ণ ঋণ আদায় হলে ঋণ তহবিলের ব্যবহারে আরও অধিক গতি সঞ্চার হবে। ফলে গ্রামীণ অর্থনীতি বেগবান হবে।

৪. সদস্যদের দারিদ্র হ্রাসকরণ ও গ্রামীণ অথনীতি বিকাশসহ জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়নের অভীষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে।

## ০৪. কর্মসূচির তালিকা:

১. ঘূর্ণায়মান পল্লী উন্নয়ন ঋণ তহবিল বা আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি;

২. সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক)

৩. উৎপাদনমূখী কর্মসংস্থান কর্মসূচি ( পিইপি)

৪. পল্লী দারিদ্র বিমোচন কর্মসূচি (পদাবিক)

৫. পল্লী প্রগতি কর্মসূচি

৬. পার্বত্য চট্টগ্রাম সমাজ উন্নয়ন কর্মসূচি;

৭. বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্মকর্মসংস্থান কর্মসূচি;

৮. আদর্শ গ্রাম-২

## ০৫. সেবামূল্য মওকুফ আবেদন যাচাই বাছাই কমিটি:

| | | |
|---|---|---|
| ১. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | : | সভাপতি |
| ২. হিসাবরক্ষক, বিআরডিবি (উপজেলা দপ্তর) | : | সদস্য |
| ৩. মাঠ সংগঠক/ মাঠসহকারী/ গ্রাম সংগঠক/ পরিদর্শক (সংশ্লিষ্ট কর্মসূচি) | : | সদস্য |
| ৪. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (সাধারণ/সংশ্লিষ্ট কর্মসূচি) | : | সদস্য সচিব |

## ০৬. সদস্য পর্যায়ে আবেদনের প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা:

১. আবেদন ফরম;

২. এআরডিও কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ;

৩. মৃত ব্যক্তির ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ঋণ গ্রহীতার মৃত্যু নিবন্ধন সনদ,

৪. এআরডিও কর্তৃক সত্যায়িত সমবায় সমিতি/দলের রেজুলেশন;

৫. সেবামূল্য মওকুফের জন্য অবশিষ্ট পাওনা পরিশোধের ব্যাংক জমার স্লিপ (হিসাব রক্ষক কর্তৃক সত্যায়িত)।

**০৭. সেবামূল্য মওকুফ আবেদন/প্রস্তাব প্রক্রিয়াকরণের শর্তাবলি:**

১. আত্মসাৎকৃত সমবায় সমিতি/দলের সদস্যগণ সেবামূল্য মওকুফ সুবিধা গ্রহণের আওতাভুক্ত হবেনা।

২. বিআরডিবি'র বিরুদ্ধে মামলা দায়েরকারী সদস্যর প্রাথমিক সমিতি সেবামূল্য মওকুফ সুবিধা গ্রহণের আওতাভুক্ত হবেনা।

৩. আবেদনকৃত সমবায় সমিতি/দলের সদস্যওয়ারী ডিটেললিস্ট প্রস্তুত করতে হবে;

৪. সমবায় সমিতির ক্ষেত্রে সর্বশেষ সমবায় বর্ষের অডিট সম্পন্ন থাকতে হবে।

৫. সমিতির শেয়ার, সঞ্চয়, কর্জ ও সাধারণ খতিয়ান ক্যাশবহি হালনাগাদ থাকতে হবে সদস্যদের পাশবহি এবং WCS হালনাগাদসহ মিলকরণ করতে হবে।

৬. শেয়ার, সঞ্চয় সমন্বয়ের মাধ্যমে মওকুফ সুবিধা গ্রহণ করা যাবে।

৭. প্রয়োজনীয় প্রমাণাদি উপজেলা দপ্তরে সংরক্ষণ করতে হবে। বিআরডিবি'র নিরীক্ষা শাখা উপজেলা দপ্তর নিরীক্ষাকালে রক্ষিত প্রমাণাদি উহা নিরীক্ষা করবে।

**০৮. সেবামূল্য মওকুফ সুবিধার পরিশোধ পদ্ধতি:**

১. ৩০-৬-২০১০ সালের পূর্বের ঋণ গ্রহণকারী খেলাপী ঋণের সদস্যগণ নীতিমালার পরিশিষ্ট-০১ এ বর্ণিত আবেদন ফরমে আবেদন করতে হবে।

২. আবেদন ফরমটি ও ৬নং অনুচ্ছেদে বর্ণিত ডকুমেন্টসহ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বরাবর দাখিল করতে হবে। দাখিলকৃত আবেদন ইউআরডিও নির্দেশনাক্রমে এআরডিও (সাধারণ/ সংশ্লিষ্ট কর্মসূচি) 'সেবামূল্য মওকুফ আবেদন যাচাই বাছাই কমিটি'র নিকট উপস্থাপন করবে। 'সেবামূল্য মওকুফ আবেদন যাচাই বাছাই কমিটি'/ কমিটির প্রতিনিধি সরেজমিনে/রেকর্ডপত্র যাচাই বাছাই পূর্বক বিস্তারিত পর্যালোচনা করে রেজুলেশনসহ জেলা দপ্তরের উপপরিচালক বরাবর প্রেরণ করবে।

৩. উপপরিচালক জেলা দপ্তর চুড়ান্তভাবে সেবামূল্য মওকুফের প্রস্তাব ও প্রয়োজনীয় পত্রাদি বিবেচনাপূর্বক চুড়ান্ত ভাবে সেবামূল্য মওকুফ অনুমোদন করবেন।

৪. অনুমোদন পত্রের অনুলিপি সদরদপ্তরের পরিচালক (সরেজমিন) এবং সংশ্লিষ্ট কর্মসূচি/নির্বাহী পরিচালক বরাবর প্রেরণ করতে হবে।

৫. মৃত ব্যক্তির ক্ষেত্রে ওয়ারিশগণ আবেদন করতে পারবেন।

### ০৯. মাসিক প্রতিবেদন

ইউআরডিও সংশ্লিষ্ট উপজেলার কর্মসূচি ভিত্তিক পৃথকভাবে নির্ধারিত 'পরিশিষ্ট-০১' মোতাবেক মাসিক প্রতিবেদন উপপরিচালক, বিআরডিবি, জেলাদপ্তর বরাবর প্রেরণ করবেন। বিআরডিবি জেলাদপ্তর কর্মসূচিওয়ারী উপজেলা ভিত্তিক একিভূতকরণ পূর্বক সদর দপ্তরের সংশ্লিষ্ট যুগ্মপরিচালক/কর্মসূচি/নির্বাহী পরিচালক বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন। নির্বাহী/পরিচালক/যুগ্মপরিচালকবৃন্দ উপজেলাওয়ারী একিভূতকরণ পূর্বক নির্ধারিত 'পরিশিষ্ট-০২' মোতাবেক পরিচালক (সরেজমিন),বিআরডিবি বরাবর প্রেরণ করবেন।

### ১০.বিশেষ নির্দেশনাঃ

নীতিমালাটি জারির তারিখ হতে ০১ (এক) বৎসর পর্যন্ত এর মেয়াদ নির্ধারণ করা হলো। এ নীতিমালার নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো। নীতিমালাটি মহাপরিচালক বিআরডিবি মহোদয়ের অনুমোদনক্রমে পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করা যাবে।

## ২০১০ সালের ৩০ শে জুন এর পুর্বে বিতরণকৃত ঋণের সেবামুল্য মওকুফের আবেদন ফরম

বরাবর

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

.............................. উপজেলা, ................................জেলা।

সমিতি/ দলের নাম:

কর্মসুচির নামঃ

| | |
|---|---|
| ১। সদস্যের নাম: | |
| ২। জাতীয় পরিচয় পত্রের নম্বর: | |
| ৩।পিতার নাম: | |
| ৪। মাতার নাম: | |
| ৫। স্বামীর নাম | |
| ৬।সমিতি/দলে সদস্য পদ গ্রহণের তারিখ: | |
| ৭। ঋণ গ্রহণের তারিখ: | |
| ৮। ঋণ গ্রহণের পরিমাণ: | |
| ৯। শেয়ার জমার পরিমাণ (আবেদনের তারিখে): : | |
| ১০। সঞ্চয় জমার পরিমাণ (আবেদনের তারিখ): : | |

১১। ঋণ পরিশোধের পরিমাণ (আবেদনের তারিখে): আসল................................টাকা... ... ........... ... কথায়
সেবামূল্য............................টাকা..................................................কথায়

১২। বকেয়া ঋণের পরিমাণ (আবেদনের তারিখে): আসল.............................টাকা... ... ................. কথায়
সেবামূল্য ............................টাকা... ... .................................. ... কথায়

১৩। শেয়ার ও সঞ্চয় সমন্বয়কৃত টাকার পরিমাণ (আবেদনের তারিখে):
...................................টাকা...........................................................কথায়

১৪। আদায়কৃত ঋণের পরিমাণ (আবেদনের তারিখে): আসল....................... টাকা ...................................কথায়
১ (এক) বছরের সেবামূল্যের পরিমাণ.............................টাকা... ... ....... ... ........... ... কথায়

১৫। মওকুফযোগ্য সেবামূল্যের পরিমাণ (আবেদনের তারিখে): ........................................................টাকা
... ... ... ........................................................ কথায়

আবেদনকারীর স্বাক্ষর

১৬. উপর্যুক্ত বকেয়া .......................................টাকা.............................................................. (কথায়)
সেবামূল্য মওকুফের যাবতীয় শর্তাবলী পূরণ করায় এই বকেয়া সেবামূল্য মওকুফের সুপারিশ করা হলো।

মাঠসহকারী/গ্রামসংগঠক/ পরিদর্শক

১৭. উপরে উল্লিখিত সকল তথ্য উপজেলা হিসাব বিভাগ কর্তৃক যাচাই বাছাই করা হয়েছে, যাচিত হিসাবায়ন সঠিক আছে। আবদেনকারী সদস্যের নিকট পাওনা আসল......................................................টাকা, ......................................................................(কথায়),সেবামূল্য...........................................টাকা, ........................................................................................................(কথায়)। বর্ণিত বকেয়া আসল আদায়.............................................টাকা,............................................................................ (কথায়), ১(এক) বছরের সেবামূল্য আদায়...........................................................................................টাকা, ...........................................................................................................................(কথায়), মোট আদায়...........................................টাকা.........................................................................(কথায়)।

এমতাবস্থায়..........................................টাকা........................................................ (কথায়) সেবামূল্য মওকুফের জন্য সুপারিশ করা হলো।

হিসাবরক্ষক
স্বাক্ষর ও নামযুক্ত সীল

১৮. সমিতি/ দলের সদস্য পর্যায়ে পাশবহি, ব্যাংক জমার রশিদ, সমিতি/দলের সভ্য রেজিষ্টার, রেজুলেশন খাতা, ঋণ খতিয়ান ,ক্যাশবহি, শেয়ার ও সঞ্চয় খতিয়ান, যাচাই বাছাই করে ..........................................টাকা .....................................................................................(কথায়) সেবামূল্য মওকুফের জন্য সুপারিশ করা হলো।

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা
স্বাক্ষর ও নামযুক্ত সীল

১৯. উপজেলা দপ্তরে রক্ষিত ব্যাংক জমার রশিদ,ক্যাশ বহি, সাধারণ খতিয়ান, ঋণ খতিয়ান যাচাই বাছাই করে চুড়ান্ত ভাবে.................................................. টাকা ............................................... (কথায়) সেবামূল্য মওকুফের জন্য সুপারিশ করা হলো।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

স্বাক্ষর ও নামযুক্ত সীল

স্মারক নং:

তারিখ:

২০. সদস্যের নিকট পাওনা বকেয়া আসল...............................................................................টাকা, ..........................................................................................................(কথায়), ০১ বছরের সেবামূল্য................................টাকা ............................................................ (কথায়) আদায় হওয়ায় অবশিষ্ট সেবামূল্য .............................................টাকা, .........................................(কথায়) মওকুফ অনুমোদন করা হলো।

উপপরিচালক

বিআরডিবি......................................জেলা।

স্বাক্ষর ও নামযুক্ত সীল

প্রাপক

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

উপজেলা: ......................................

জেলা: ......................................।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

০১। পরিচালক (সরেজমিন), বিআরডিবি, ঢাকা।

০২। যুগ্মপরিচালক (সিসিএম)/কর্মসূচি পরিচালক/ নির্বাহী পরিচালক ................... , বিআরডিবি , ঢাকা/ফরিদপুর।

পরিশিষ্ট-০২

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

............................... জেলা দপ্তর

................................. উপজেলা দপ্তর

(লক্ষ টাকায়)

| ক্রনং | প্রকল্প/কর্মসূচির নাম | সেবামূল্য মওকুফের জন্য প্রাপ্ত আবেদন | | | | | | সেবামূল্য মওকুফ অনুমোদন প্রাপ্ত | | | | | | ম |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মাসে | বছরে (.................তারিখ পর্যন্ত) | আদায়কৃত টাকার পরিমাণ (সমন্বয়সহ) (আবেদনের তারিখে) | | | মওকুফযোগ্য সেবামূল্য | মাসে | বছরে (.................তারিখ পর্যন্ত) | আদায়কৃত টাকার পরিমাণ (সমন্বয়সহ) (আবেদনের তারিখে) | | | মওকুফকৃত সেবামূল্য | |
| | | | | আসল | সেবামূল্য | মোট | | | | আসল | সেবামূল্য | মোট | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ (৫+৬) | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ (১১+১২) | ১৪ | ১ |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | |

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

.............................. জেলা দপ্তর

**পরিশিষ্ট-**

প্রকল্প/কর্মসূচির নাম :

(লক্ষ টাকায়)

| ক্রনং | উপজেলার নাম | সেবামূল্য মওকুফের জন্য প্রাপ্ত আবেদন | | | | | | সেবামূল্য মওকুফ অনুমোদন প্রাপ্ত | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মাসে | বছরে (.................তারিখ পর্যন্ত) | আদায়কৃত টাকার পরিমাণ (সমন্বয়সহ) (আবেদনের তারিখে) | | | মওকুফযোগ্য সেবামূল্য | মাসে | বছরে (.................তারিখ পর্যন্ত) | আদায়কৃত টাকার পরিমাণ (সমন্বয়সহ) (আবেদনের তারিখে) | | | মওকুফকৃত সেবামূল্য |
| | | | | আসল | সেবামূল্য | মোট | | | | আসল | সেবামূল্য | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ (৫+৬) | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ (১১+১২) | ১৪ |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | |

হিসাবরক্ষক

উপপরিচালক